NOV. 2 1 2000

তারিখ ...............
পৃষ্ঠা ১৩ কলাম ৭ ......

৩৬৩

দৈনিক ইত্তেফাক

# যশোর বোর্ডের ১২০০ এইচএসসি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

বরিশাল অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের ১২০০ এইচএসসি পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। তুচ্ছ বিষয় সমস্যার কারণে তাহাদের ফলাফল প্রকাশিত হয় নাই। গত সেপ্টেম্বরে ঐ পরীক্ষার ফল প্রকাশিত হয়। এই সমস্যার জন্য পরীক্ষার্থীরা আদৌ দায়ী নয়। স্কুলের শিক্ষকেরা ও বোর্ড কর্তৃপক্ষ দায়ী। ফরম পূরণের পর বোর্ড কর্তৃপক্ষ এইগুলি সনাক্ত করিতে পারিতেন। কিন্তু তখন সনাক্ত হয় নাই। ফল প্রকাশের সময় ইহা ধরা পড়ে। তাহাদের ফল প্রকাশ স্থগিত করা হয়। এদিকে তাহাদের ফলাফলের ভাগ্য নির্ধারিত না হওয়ায় তাহারা উচ্চতর ক্লাসে ভর্তি হওয়ার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। অনার্সে ভর্তির পরীক্ষা শেষ হইয়াছে। জরুরী ভিত্তিতে ফল প্রকাশ হইলে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এখনও বি,এ পাস কোর্সে ভর্তি হইতে পারিবে। কিন্তু বোর্ডের কাজের অগ্রগতি দেখিয়া মনে হইতেছে ঐ সুযোগও পরীক্ষার্থীরা পাইবে না।

এই ব্যাপারে গতকাল সোমবার কথা হয় বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত। তিনি বলেন, পরীক্ষা কমিটি ফল প্রকাশের সুপারিশ করিয়াছে। উহা বোর্ড কমিটির সভায় উপস্থাপন করা হইবে। কিন্তু সভা এখনও আহবান করা হয় নাই। বোর্ড সভায় অনুমোদিত হইলে উহা আন্তঃ বোর্ডের সভায় উপস্থাপন করা হইবে। ঐ সভার সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা নেওয়া হইবে। তিনি বলেন, বোর্ড সভা এই মুহূর্তে অনুষ্ঠিত হইতেছে না। কারণ নূতন কমিটি গঠনের অনুমোদন মন্ত্রণালয় হইতে পাওয়া যায় নাই। পুরাতন কমিটির মেয়াদ শেষ হইয়া গিয়াছে। বোর্ড চেয়ারম্যান বলেন, তিনি ২৯শে নভেম্বর পর্যন্ত ব্যস্ত। ইহার পর বোর্ড সভা আহবান করিবেন।